

সভার কার্যবিবরণী।

জনাব নিতাই গাইন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।

উপজেলা পরিষদ, ভাইস চেয়ারম্যানের দপ্তর বটিয়াঘাটা, খুলনা।

রং: ০৬/১২/২০২১ খ্রি.

সময়ঃ বেলা ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো।


সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও কমিটির সদস্য সচিব জানান যে, আমন সংগ্রহ/২০২১ মৌসুমে সরকার নির্ধারিত প্রতি মণ ধানের মূল্য ১০৮০/- টাকা যা বর্তমান বাজারে ৯৫০/- থেকে ১০০০/- টাকায় ক্রয়-বিক্রয় হচ্ছে। বর্তমান মোটা চালের বাজার দর ৪০-৪১/- টাকা। সোয়াবিন ও সরিষা তেলের দাম উর্দ্ধমুখী। বর্তমান বোতলজাত সোয়াবিন তেলের মূল্য প্রতি লিটার ১৫৫/- থেকে ১৬০/- টাকা। আটার দাম স্থিতিশীল। মশুরীর ডাল এবং চিনির দাম উর্দ্ধমুখী। বর্তমান চিনির খুচরা মূল্য ৮০/- টাকা। কাটা মরিচের দাম কমে গেলেও অপরিবর্তিত রয়েছে পেয়াজের দাম। প্রতি কেজি দেশী পেয়াজ ৬০/- টাকা থেকে ৬৫/-টাকায় ক্রয়-বিক্রয় হচ্ছে। তবে বটিয়াঘাটা উপজেলায় পেয়াজের তেমন আবাদ হয় না। অন্যত্র হতে এখানকার হাট-বাজারে পেয়াজ আমদানী করা হয়। এ পর্যায়ে কমিটির সম্মানিত সভাপতি মহোদয় জানান যে, বাজার মূল্য যাতে নিয়ন্ত্রিত থাকে সে বিষয়ে প্রশাসনের সজাগ দৃষ্টি রাখা বিশেষ প্রয়োজন এবং করোনা মহামারীর কারণে সকল ক্রেতা-বিক্রেতা যেন স্বাস্থ্য বিধি অনুসরণ করে ক্রয়-বিক্রয় করে। কোন অসাধু ব্যবসায়ী যেন ধান-চালের মজুদজাত করে চালের কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে সে বিষয়ে সকলের সতর্ক দৃষ্টি রাখার জন্য সভায় উপস্থিত সদস্যবৃন্দকে পরামর্শ দেয়া হয়।

বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্ন লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ

- ১। ব্যবসায়ীগণ বাধ্যতামূলকভাবে প্রতিটি পণ্যের মূল্য তালিকা বোর্ডে লিখিত ভাবে প্রদর্শন করবেন এবং কোন ভাবেই ভেজাল/মেয়াদ উত্তীর্ণ পণ্যদ্রব্য বিক্রি করবেন না।
- ২। যৌক্তিক কারণ ছাড়া যেন কোন পণ্যের মূল্যের বৃদ্ধি না পায় সে বিষয়ে সজাগ থাকতে হবে।
- ৩। কোন অসাধু ব্যবসায়ী যাতে পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে। মনিটরিং এর সময়ে চাল, গম, আটা, ময়দা, চিনি, লবন ও ভোজ্য তেলের আমদানী, চাহিদা ও সরবরাহের সঠিক তথ্য যাচাই করবেন।
- ৪। ভেজাল/মেয়াদ উত্তীর্ণ পণ্যদ্রব্য বিক্রি করতে দেখা গেলে তাৎক্ষণিকভাবে প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সম্মতি সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(নিতাই গাইন)

ভাইস চেয়ারম্যান ১৮/১২/২০২১

উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।

ও

সভাপতি

বাজার মূল্য পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ কমিটি

তারিখঃ- ০৬/১২/২০২১ খ্রি.

স্মারক নং : ১৩.০৫.৪৭১২.০০৪.০০.০০৩.১৮ - ৫৫৫

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য।

- ০১। জেলা প্রশাসক, খুলনা।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
- ০৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার বটিয়াঘাটা, খুলনা।
- ০৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
- ০৬। চেয়ারম্যান, ০২ নং বটিয়াঘাটা/চেয়ারম্যান, ৭ নং আমিরপুর ইউ.পি, বটিয়াঘাটা, খুলনা।
- ০৭। সভাপতি/সেক্রেটারি,বাজার কমিটি, বটিয়াঘাটা, খুলনা।
- ০৮। খাদ্য পরিদর্শক।
- ০৯। দপ্তর নথি।



(মোঃ জাকির হোসেন)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক